

# সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন।

তারিখঃ ৩০/১১/২০২২ ইং,

সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

## উপস্থিত সদস্যবৃন্দের নাম

০১. জনাব মমতাজ বেগম	০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী
০২. জনাব জোহরা বেগম	০৮. জনাব মোঃ মতিয়ার রহমান
০৩. জনাব আসমা বেগম	০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা
০৪. জনাব মোঃ জসীম শেখ	১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ
০৫. জনাব মোঃ আলমগীর হোসেন	১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলু
০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির	১২. জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে নভেম্বর/২০২২ মাসের সভার কার্য শুরু করা হইল।

## আলোচ্য সূচি-১:

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করিয়া শুনানো হইলো এবং কোনো আপত্তি এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হইলো।

## আলোচ্য সূচি-২:

সভাপতি সাহেব সভাকে জানান যে, ইউনিয়ন পরিষদের চলতি অর্থবছরের ট্যাক্স আদায় ও আসেসমেন্ট নির্ধারণ করা প্রয়োজন। তখন সভায় এ বিষয়ে সকলেই একমত পোষণ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান সাহেব সভাকে জানান যে, ইউনিয়ন পরিষদের রাজস্ব আয় বাড়তে না পাড়লে ইউনিয়নের উন্নয়ন বাধাগ্রস্ত হয়। আমাদের প্রধান আয়ের উৎস ইউপি ট্যাক্স। তাই ট্যাক্স আদায় সন্তোষজনক না হলে সরকার উন্নয়নমূলক কাজের জন্য কোনো বরাদ্দ প্রদান করবে না। সেহেতু ট্যাক্স আদায় একান্ত অপরিহার্য। এ বিষয়ে ট্যাক্স আদায়ের ব্যাপারে কি কি পদক্ষেপ গ্রহণ করা যায়। তখন ইউপি সদস্য জনাব নুরুল ইসলাম মল্লিক প্রস্তাব করেন যে, সর্বপ্রথম বকেয়া ট্যাক্সধারীদের একটি তালিকা তৈরী করতে হবে। তখন প্রত্যেককে বকেয়াদাবী দিয়ে একটি নোটিশ প্রদান করতে হবে। ট্যাক্স আদায়ের জন্য প্রতি ওয়ার্ডে উন্মুক্ত ওয়ার্ড সভা করতে হবে এবং ট্যাক্স প্রদানের বিষয়ে সচেতন করতে হবে। ট্যাক্স প্রদান না করলে কোনো প্রকার নাগরিক সুবিধা দেওয়া যাবে না। যেমনঃ নাগরিক সনদ, জন্ম সনদ, মৃত্যুসনদসহ যেকোনো প্রকার নাগরিক সুবিধা দেওয়া বন্ধ করতে হবে। এ বিষয়ে ব্যাপক আলোচনা হইলো এবং আলোচনান্তে জনাব মোঃ নুরুল ইসলামের প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হইলো এবং ইউনিয়নের উন্নয়নের স্বার্থে ট্যাক্স পরিশোধ সাপেক্ষে চেয়ারম্যান সাহেবকে যেকোন প্রকার সনদ প্রদানের জন্য অনুরোধ করা হইলো।

## আলোচ্য সূচি-৩:

অদ্যকার সভায় ইউ.পি. চেয়ারম্যান জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি অদ্যকার উপস্থিত সমাজের বিভিন্ন শ্রেণী ও পেশার দায়িত্বশীল প্রতিনিধিগণ কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির সদস্যগণের পরিচিতি ও আলোচ্য সূচি মোতাবেক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ:

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি
০১	অদ্যকার সভার সদস্য সচিব গত ইউনিয়ন আইন শৃঙ্খলা সভার কার্যবিবরণী প্রথম থেকে শেষ পর্যন্ত সকলের আলোচনার জন্য পড়ে শোনান। কিছু কিছু বিষয়ের উপর প্রাণবন্ত আলোচনা হয়। সংশোধনের কোন গুরুত্বপূর্ণ বিষয় না থাকা তা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।
০২	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত: সভায় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে ইউনিয়নে নারী ও শিশু নির্যাতনের মত কোন ঘটনা না ঘটায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। ভবিষ	উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি
০৩	সন্ত্রাস ও জঙ্গিবাদ সম্পর্কিতঃ সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে প্রতিটি ইউনিয়নের অপরাধ প্রবণতা রোধ করার জন্য ইউপি মেম্বরগণকে ওয়ার্ড ভিত্তিক বৈঠক করে জনসচেতনতা সৃষ্টিপূর্বক অপরাধ প্রবণতা রোধ করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধের বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করবেন বলে তাঁদের আশা ব্যক্ত করেন। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানে কোন ইভটিজিং এর ঘটনা ঘটলে তাৎক্ষণিকভাবে এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।	উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।

#### আলোচ্য সূচি-৪:

আলোচনার প্রারম্ভে সভাপতি দিবসটির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে স্বাধীনতার মহান ঝুপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার প্রতি মাগফেরাত কামনা করেন। সভাপতি সভায় আরও জানান যে, আগামী ১৬ ডিসেম্বর ২০২২ খ্রি: মাসে আমাদের মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় পালন করা খুবই জরুরী। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে এ দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য বিভিন্ন ধরনের কর্মসূচি গ্রহণ করা হয়। সভাপতি সাহেব জানান যে, আগামী ১৬ ডিসেম্বর সকলে একত্রিত হয়ে জাতীয় পতাকা উত্তোলন ও শহীদদের প্রতি আত্মার মাগফেরাত করা একান্ত প্রয়োজন। তখন সকল সদস্য এ বিষয়ে একমত পোষন করেন।

#### বিবিধ আলোচ্যসূচি:

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

সভাপতি

তারিখ: ৩০/১১/২০২২ খ্রি:



(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।